ঝিনাইদহে পাট বীজ ও সার পেলেন ৮০০ কৃষক

ঝিনাইদহ :: ঝিনাইদহ সদর উপজেলায় ৮০০ কৃষকের মাঝে পাট বীজ ও সার বিতরণ করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় পাট উৎপাদনে কৃষকদের উৎসাহিত করার লক্ষ্যে এই পাট বীজ ও সার বিতরণ করা হয়। বৃহস্পতিবার সকালে সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কার্যালয়ের সামনে এ সার ও বীজ বিতরণ করা হয়।
সদর উপজেলার বাসিন্দা ৮০০ কৃষকের প্রত্যেককে জনপ্রতি ১ কেজি উন্নতজাতের পাটের বীজ, ৫ কেজি ডিএপি সার ও ৫ কেজি এমওপি সার বিতরণ করা হয়। এতে মোট ৮শ কেজি পাট বীজ ও ৮ মেট্রিক টন সার বিতরণ করা হয়।
সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. নূর এ নবী বলেন, ‘২০২৪-২৫ অর্থবছরে খরিপ-১ মৌসুমের প্রণোদনা কর্মসূচির আওতায় পাটের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। পাট উৎপাদন বাড়ানো গেলে দেশের অর্থনীতি নতুনভাবে সমৃদ্ধ হবে।’
সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. নূর এ নবীর সভাপতিত্বে বীজ বিতরণ কর্মসূচি উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী। এসময় অতিরিক্ত কৃষি কর্মকর্তা মুহাম্মদ জুনাইদ হাবীব উপস্থিত ছিলেন।